# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
# সাভার, ঢাকা-১৩৪২

## ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তি

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে বিভিন্ন ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগ/ইনস্টিটিউটে ভর্তির জন্য নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন শিক্ষার্থীদের কাছ থেকে আবেদন আহ্বান করা হচ্ছে। আবেদনকারীকে **জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভর্তি সম্পর্কিত ওয়েবসাইট juniv-admission.org** এ প্রকাশিত নিয়মাবলি অনুসরণ করে সংশ্লিষ্ট ইউনিটে অনলাইনে আবেদন করতে হবে। তবে ইনস্টিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন, **আইবিএ-জেইউ**-তে আবেদনের ক্ষেত্রে পৃথকভাবে উপরোক্ত ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তিতে উল্লেখকৃত শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী আগ্রহী শিক্ষার্থীদের অনলাইনে আবেদন করতে হবে।

SCAN ME

**আবেদনের সময়সীমা: ০৯-৫-২০২৩ তারিখ সকাল ১০:০০ টা থেকে ৩১-৫-২০২৩ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত।**

**আবেদন ফি:** বিকাশ অথবা রকেট-এর মাধ্যমে বিভিন্ন ইউনিটে আবেদনের জন্য নিম্নোক্তহারে আবেদন ফি প্রদান করতে হবে।

- **A, B এবং C ইউনিটের প্রতিটির জন্য ৯০০ টাকা**
- **C1, D এবং E ইউনিটের প্রতিটির জন্য ৬০০ টাকা**

**ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ:**

**১৬-৬-২০২৩ থেকে ২৪-৬-২০২৩ তারিখের মধ্যে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। চূড়ান্ত তারিখ ও সময়সূচি** পরবর্তীসময়ে **দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তির** মাধ্যমে জানিয়ে দেওয়া হবে। **এছাড়াও পরীক্ষার পূর্বে বিস্তারিত তথ্য ও সিটপ্ল্যান juniv-admission.org ওয়েবসাইটে পাওয়া যাবে।**

**১. বিভিন্ন ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগ/ইনস্টিটিউটে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের ন্যূনতম যোগ্যতা :**

ক. **২০১৯ সাল** ও তার পরবর্তী বছরসমূহের মাধ্যমিক/সমমানের পরীক্ষা এবং **২০২১ ও ২০২২ সালের** উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

খ. মাধ্যমিক/সমমান ও উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষার ৪র্থ বিষয়সহ মোট জিপিএ গণনা করা হবে।

গ. **জি.সি.ই. ২০১৭** সাল থেকে তৎপরবর্তী সাল পর্যন্ত O লেভেল পরীক্ষায় অন্তত ৫ (পাঁচ)টি বিষয়ে এবং **২০২১ অথবা ২০২২** সালের A লেভেল পরীক্ষায় অন্তত ২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে। আবেদনকারীর O লেভেল এবং A লেভেলের মোট ৭ (সাত)টি বিষয়ের মধ্যে ৪ (চার)টি বিষয়ে কমপক্ষে B গ্রেড ও ৩ (তিন)টি বিষয়ে কমপক্ষে C গ্রেড থাকতে হবে।

ঘ. প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন শিক্ষার্থী যেকোনো ইউনিটে আবেদন করতে পারবে।

ঙ. উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ শিক্ষার্থীর বিভিন্ন বিষয়ে নিম্নবর্ণিত যোগ্যতা থাকতে হবে:

| **ইউনিটের অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউটের নাম** | **মাধ্যমিক/সমমান ও উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-দ্বয়ের ন্যূনতম যোগফল নিম্নরূপ থাকতে হবে** | **উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষায় সংশ্লিষ্ট বিষয় এবং বিষয়সমূহে নিম্নরূপ ন্যূনতম গ্রেড থাকতে হবে** |
|---|---|---|
| **A ইউনিট (গাণিতিক ও পদার্থ বিষয়ক অনুষদ এবং ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি): মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক উভয় পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৪.০০ থাকতে হবে।** | | |
| গণিত | মোট জিপিএ ৮.৫০ | গণিতে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড |
| পরিসংখ্যান | মোট জিপিএ ৮.৫০ | গণিত অথবা পরিসংখ্যানে ন্যূনতম A গ্রেড |
| রসায়ন | মোট জিপিএ ৮.৫০ | রসায়নে ন্যূনতম A এবং গণিতে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড |
| পদার্থবিজ্ঞান | মোট জিপিএ ৮.৫০ | পদার্থবিজ্ঞান ও গণিতে পৃথকভাবে ন্যূনতম A গ্রেড |
| ভূতাত্ত্বিক বিজ্ঞান | মোট জিপিএ ৮.৫০ | পদার্থবিজ্ঞান, রসায়ন ও গণিতে পৃথকভাবে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড |
| কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | মোট জিপিএ ৯.০০ | পদার্থবিজ্ঞান ও গণিতে পৃথকভাবে A+ (প্লাস) গ্রেড |
| পরিবেশ বিজ্ঞান | মোট জিপিএ ৮.৫০ | গণিত, রসায়ন, পদার্থবিজ্ঞান ও জীববিজ্ঞানে পৃথকভাবে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড |
| ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি | মোট জিপিএ ৯.০০ | গণিত ও পদার্থবিজ্ঞানে পৃথকভাবে ন্যূনতম A গ্রেড |
| **B ইউনিট (সমাজবিজ্ঞান অনুষদ ও আইন অনুষদ): মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক উভয় পরীক্ষায় সমাজবিজ্ঞান অনুষদের জন্য পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ ও আইন অনুষদের জন্য ন্যূনতম জিপিএ ৪.০০ থাকতে হবে।** | | |
| অর্থনীতি | মোট জিপিএ ৮.০০ | ইংরেজিতে ন্যূনতম A- (মাইনাস) এবং গণিত/ অর্থনীতি/বাণিজ্যিক অর্থনীতিতে ন্যূনতম A গ্রেড |
| ভূগোল ও পরিবেশ | মোট জিপিএ ৮.০০ | বাংলা/ইংরেজিতে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড |
| সরকার ও রাজনীতি | মোট জিপিএ ৮.০০ | বাংলা ও ইংরেজিতে পৃথকভাবে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড |
| নৃবিজ্ঞান | মোট জিপিএ ৮.০০ | বাংলা ও ইংরেজিতে পৃথকভাবে ন্যূনতম A গ্রেড |
| নগর ও অঞ্চল পরিকল্পনা | মোট জিপিএ ৮.০০ | গণিত ও ইংরেজিতে পৃথকভাবে ন্যূনতম A গ্রেড |
| লোক প্রশাসন | মোট জিপিএ ৮.০০ | ইংরেজিতে ন্যূনতম A গ্রেড |
| আইন ও বিচার | (ক) বিজ্ঞান শাখা: মোট জিপিএ ৮.৫০<br>(খ) ব্যবসায় শিক্ষা/মানবিক ও সমমানের | বাংলা ও ইংরেজিতে পৃথকভাবে ন্যূনতম A গ্রেড। |

| | | |
|---|---|---|
| | পরীক্ষায়: মোট জিপিএ ৮.০০ | তবে, A লেভেল শিক্ষার্থীদের বাংলা অথবা ইংরেজিতে ন্যূনতম B গ্রেড। |
| **C ইউনিট (কলা ও মানবিকী অনুষদ এবং বঙ্গবন্ধু তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনস্টিটিউট): মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক উভয় পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ থাকতে হবে।** | | |
| বাংলা | মোট জিপিএ ৮.০০ | বাংলায় ন্যূনতম A- (মাইনাস) গ্রেড এবং ইংরেজিতে ন্যূনতম B গ্রেড |
| ইংরেজি | মোট জিপিএ ৮.০০ | **মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক উভয় পরীক্ষায়** ইংরেজিতে পৃথকভাবে ন্যূনতম A গ্রেড। |
| ইতিহাস | মোট জিপিএ ৮.০০ | বাংলা ও ইংরেজিতে পৃথকভাবে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড |
| দর্শন | মোট জিপিএ ৮.০০ | বাংলা ও ইংরেজিতে পৃথকভাবে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড |
| প্রত্নতত্ত্ব | মোট জিপিএ ৮.০০ | বাংলা ও ইংরেজিতে পৃথকভাবে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড |
| আন্তর্জাতিক সম্পর্ক | মোট জিপিএ ৮.০০ | বাংলা ও ইংরেজিতে পৃথকভাবে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড |
| জার্নালিজম এন্ড মিডিয়া স্টাডিজ | মোট জিপিএ ৮.০০ | বাংলা ও ইংরেজিতে পৃথকভাবে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড |
| বঙ্গবন্ধু তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি | (ক) মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিজ্ঞান/ ব্যবসায় শিক্ষা/ অন্যান্য শাখা: মোট জিপিএ ৮.০০<br>(খ) মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক মানবিক শাখা: মোট জিপিএ ৭.৫০ | বাংলা ও ইংরেজিতে পৃথকভাবে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড |
| **C1 ইউনিট (কলা ও মানবিকী অনুষদ: নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ এবং চারুকলা বিভাগ): মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক উভয় পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ থাকতে হবে।** | | |
| নাটক ও নাট্যতত্ত্ব | মোট জিপিএ ৭.০০ | বাংলাসহ অন্য যেকোনো একটি বিষয়ে ন্যূনতম B গ্রেড |
| চারুকলা | মোট জিপিএ ৭.০০ | বাংলা ও ইংরেজিতে পৃথকভাবে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড |
| **D ইউনিট (জীববিজ্ঞান অনুষদ): মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক উভয় পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৪.০০ থাকতে হবে।** | | |
| উদ্ভিদবিজ্ঞান | মোট জিপিএ ৯.০০ | জীববিজ্ঞানে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড |
| প্রাণিবিদ্যা | মোট জিপিএ ৯.০০ | জীববিজ্ঞানে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড |
| ফার্মেসী | মোট জিপিএ ৯.০০ | রসায়ন ও জীববিজ্ঞানে পৃথকভাবে ন্যূনতম A গ্রেড এবং পদার্থবিজ্ঞান ও গণিতে পৃথকভাবে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড |
| প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান | মোট জিপিএ ৯.০০ | রসায়ন ও জীববিজ্ঞানে পৃথকভাবে ন্যূনতম A গ্রেড |
| মাইক্রোবায়োলজি | মোট জিপিএ ৯.০০ | রসায়ন ও জীববিজ্ঞানে পৃথকভাবে ন্যূনতম A গ্রেড |
| বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং | মোট জিপিএ ৯.০০ | রসায়ন, পদার্থবিজ্ঞান, জীববিজ্ঞান ও গণিতে পৃথকভাবে ন্যূনতম A গ্রেড |
| পাবলিক হেলথ্ এন্ড ইনফরমেটিক্স | মোট জিপিএ ৯.০০ | রসায়ন, জীববিজ্ঞান এবং গণিতে পৃথকভাবে ন্যূনতম A গ্রেড |
| **E ইউনিট (বিজনেস স্টাডিজ অনুষদ): মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.৫০ থাকতে হবে।** | | |
| ফিন্যান্স এন্ড ব্যাংকিং<br>মার্কেটিং<br>একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস<br>ম্যানেজমেন্ট স্টাডিজ | (ক) মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক ব্যবসায় শিক্ষা/ অন্যান্য শাখা: মোট জিপিএ ৭.৫০<br>(খ) মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিজ্ঞান শাখা: মোট জিপিএ ৮.০০<br>(গ) মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক মানবিক শাখা: মোট জিপিএ ৭.৫০ | (ক) গণিত/পরিসংখ্যান/অর্থনীতি/হিসাববিজ্ঞান/ব্যবসায় সংগঠন ও ব্যাবস্থাপনা/ফাইন্যান্স, ব্যাংকিং এবং ইন্সুরেন্সে ন্যূনতম B গ্রেড এবং ইংরেজিতে B গ্রেড<br>(খ) গণিত/পরিসংখ্যান এবং ইংরেজিতে পৃথকভাবে ন্যূনতম A- (মাইনাস) গ্রেড<br>(গ) অর্থনীতি/গণিত এবং ইংরেজিতে পৃথকভাবে ন্যূনতম B গ্রেড |

**২. ভর্তি পরীক্ষা নিম্নবর্ণিত নিয়মানুযায়ী অনুষ্ঠিত হবে :**

ক. **MCQ** পদ্ধতিতে ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে। **Optical Mark Reader (OMR)** পদ্ধতিতে উত্তরপত্র মূল্যায়ন করা হবে। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২০ (শূন্য দশমিক দুই শূন্য) নম্বর কাটা যাবে।

খ. **ভর্তি পরীক্ষার নম্বর ও সময় :**

i. সকল ইউনিটে **৮০** নম্বরের **MCQ** পদ্ধতিতে পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময় **৫৫** মিনিট। তবে OMR পূরণের জন্য আলাদাভাবে **৫** মিনিট সময় দেয়া হবে।

ii. **C1** ইউনিটের অন্তর্ভুক্ত নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ এবং চারুকলা বিভাগের জন্য ২০ নম্বরের ব্যবহারিক পরীক্ষা পরবর্তীসময়ে নেওয়া হবে। ব্যবহারিক পরীক্ষায় ন্যূনতম ৪০% নম্বর পেতে হবে।

গ. ভর্তি পরীক্ষা শেষ হওয়ার সর্বোচ্চ ৭ দিনের মধ্যে সংশ্লিষ্ট ইউনিট অফিস ফল প্রকাশ করবে। ভর্তি পরীক্ষার ফল ওয়েবসাইটে **juniv-admission.org** এবং ইউনিট অফিসের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। **সংবাদপত্রে ফল প্রকাশ করা হবে না।**

ঘ. **সকল ইউনিটের জন্য MCQ পরীক্ষার পাশ নম্বর ন্যূনতম ৩৩%।**

ঙ. A ইউনিটের **গণিত বিভাগে** ভর্তির জন্য ভর্তি পরীক্ষায় গণিত অংশে ন্যূনতম ৫০%, **রসায়ন বিভাগে** ভর্তির জন্য ভর্তি পরীক্ষায় রসায়ন অংশে ন্যূনতম ৬০%, **কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ** এবং **ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজিতে** ভর্তির জন্য ভর্তি পরীক্ষায় **গণিত ও পদার্থবিজ্ঞান** অংশে পৃথকভাবে ন্যূনতম ৬০% নম্বর পেতে হবে।

চ. B ইউনিটের **আইন ও বিচার বিভাগে** ভর্তির জন্য ভর্তি পরীক্ষায় বাংলা ও ইংরেজি উভয় অংশে পৃথকভাবে ন্যূনতম ৬০% নম্বর পেতে হবে।

ছ. C ইউনিটের **বাংলা বিভাগে** ভর্তির জন্য ভর্তি পরীক্ষায় **বাংলা** অংশে ন্যূনতম ৫০% এবং **ইংরেজি** অংশে ন্যূনতম ৩০%, **ইংরেজি বিভাগে** ভর্তির জন্য ভর্তি পরীক্ষায় **ইংরেজি** অংশে ন্যূনতম ৫০%, **জার্নালিজম এন্ড মিডিয়া স্টাডিজ বিভাগে** ভর্তির জন্য ভর্তি পরীক্ষায় **ইংরেজি** অংশে ন্যূনতম ৫০% নম্বর পেতে হবে।

জ. D ইউনিটের **ফার্মেসী, প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান এবং বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগে** ভর্তির জন্য ভর্তি পরীক্ষায় **রসায়ন ও জীববিজ্ঞান** উভয় অংশে পৃথকভাবে ন্যূনতম ৫০% নম্বর পেতে হবে।

ঝ. ভর্তি পরীক্ষার উত্তরপত্রে (OMR শিট) ভর্তি পরীক্ষার রোল নম্বর ও অন্যান্য ঘরে ইংরেজি সংখ্যায় লিখতে হবে এবং সে অনুযায়ী বৃত্ত ভরাট করতে হবে। OMR শিট (উত্তরপত্র)-এর নিচে নির্ধারিত স্থানে নির্দেশনা মোতাবেক একটি বাংলা এবং একটি ইংরেজি বাক্য লিখতে হবে।

ঞ. পরীক্ষার প্রশ্নপত্র ইংরেজিতে চাইলে আবেদনকারীকে আবেদনের সময় প্রশ্নপত্রের ভাষা "ইংরেজি" নির্বাচন করতে হবে এবং তাদের পরীক্ষা ইউনিট কর্তৃক নির্ধারিত সময় ও স্থানে অনুষ্ঠিত হবে।

ট. প্রতিবন্ধী শিক্ষার্থীদের পরীক্ষা দেয়ার জন্য বিশেষ সাহায্য প্রয়োজন হলে সংশ্লিষ্ট ইউনিট প্রধান বরাবর সাদা কাগজে আবেদন করে সম্মতি নিতে হবে।

**৩. বিভিন্ন ইউনিটের ভর্তি পরীক্ষার নম্বর বন্টন :**

ক. **A ইউনিট** (গাণিতিক ও পদার্থবিষয়ক অনুষদ এবং ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি):
বাংলা ৩, ইংরেজি ৩, গণিত ২২, পদার্থবিজ্ঞান ২২, রসায়ন ২২ এবং আইসিটি ৮ নম্বর।

খ. **B ইউনিট** (সমাজবিজ্ঞান অনুষদ ও আইন অনুষদ):
বাংলা ২৫, ইংরেজি ২৫, সাধারণ গণিত ০৫ এবং সাধারণ জ্ঞান, সাম্প্রতিক বিষয় ও আইকিউ ২৫ নম্বর।

গ. **C ইউনিট** (কলা ও মানবিকী অনুষদ এবং বঙ্গবন্ধু তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনস্টিটিউট):
বাংলা ১৫, ইংরেজি ১৫ এবং সাধারণ জ্ঞান ও বিভাগ সংশ্লিষ্ট অন্যান্য বিষয় ৫০ নম্বর।

ঘ. **C1 ইউনিট** (কলা ও মানবিকী অনুষদ: নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ এবং চারুকলা বিভাগ):
বাংলা ১০, ইংরেজি ১০ এবং সাধারণ জ্ঞান ও বিভাগ সংশ্লিষ্ট অন্যান্য বিষয় ৬০ নম্বর।

ঙ. **D ইউনিট** (জীববিজ্ঞান অনুষদ):
বাংলা ও ইংরেজি ৮, রসায়ন ২৪, উদ্ভিদবিজ্ঞান ২২, প্রাণিবিদ্যা ২২ এবং বুদ্ধিমত্তা ৪ নম্বর।

চ. **E ইউনিট** (বিজনেস স্টাডিজ অনুষদ):
**ব্যবসায় শিক্ষা শাখা:** বাংলা ১৫, ইংরেজি ৩০, গণিত ১৫, হিসাব বিজ্ঞান এবং ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ২০ নম্বর
**বিজ্ঞান/মানবিক/সমমান শাখা:** বাংলা ১৫, ইংরেজি ৩০, গণিত ১৫, সাধারণ জ্ঞান ২০ নম্বর
(গণিত, হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা এবং সাধারণ জ্ঞান প্রশ্নপত্রের মাধ্যম হবে বাংলা)

**৪. ভর্তির জন্য আবেদন করার নিয়মাবলি :**

ক. আবেদনকারী জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা সংক্রান্ত ওয়েবসাইটে (juniv-admission.org) প্রয়োজনীয় তথ্য প্রদান করে ন্যূনতম যোগ্যতা যাচাইপূর্বক নিজ মোবাইল নম্বর (আবেদনকারীর নিজের অথবা অভিভাবকের) নিশ্চিত করবেন এবং প্রেরিত পাসওয়ার্ড পরবর্তীতে আবেদন/ব্যবহারের জন্য সংরক্ষণ করবেন। একই মোবাইল নম্বর ব্যবহার করে একজন আবেদনকারী একাধিক ইউনিটে আবেদন করতে পারবেন। তবে উক্ত মোবাইল নম্বর ব্যবহার করে একই ইউনিটে একাধিক আবেদন করা যাবে না।

খ. আবেদনকারীকে নিজ প্রোফাইল এ গিয়ে "**ছবি আপলোড করুন**" ও "**স্বাক্ষর আপলোড করুন**" অপশনে ক্লিক করে সদ্য তোলা পাসপোর্ট সাইজ রঙিন ছবি (৩০০×৩০০ পিক্সেল; সর্বোচ্চ ১০০ কিলোবাইট) ও স্বাক্ষর (৩০০×৮০ পিক্সেল; সর্বোচ্চ ৬০ কিলোবাইট) স্ক্যান করে .jpg অথবা .jpeg ফরম্যাটে আপলোড করতে হবে।

গ. আবেদনযোগ্য ইউনিটগুলোর তালিকা থেকে আবেদনকারীকে নির্ধারিত আবেদন ফি প্রদানপূর্বক এক বা একাধিক ইউনিটে আবেদন সম্পন্ন করতে হবে। পেমেন্ট সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলি ও ধাপসমূহ ওয়েবসাইটে **juniv-admission.org** পাওয়া যাবে।

ঘ. O লেভেল এবং A লেভেল উত্তীর্ণ শিক্ষার্থীদের প্রয়োজনীয় তথ্য এবং ট্রান্সক্রিপ্ট এর স্ক্যান কপি আপলোড করে আবেদন করতে হবে।

**৫. প্রবেশপত্র ডাউনলোড :**

**৯-৬-২০২৩ তারিখ** হতে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে । আবেদনকারী তার প্রোফাইলে প্রত্যেক ইউনিটের জন্য পৃথকভাবে **"প্রবেশপত্র ডাউনলোড"** এর অপশন দেখতে পাবেন। ইউনিট ভিত্তিক **"প্রবেশপত্র ডাউনলোড"** বাটনে ক্লিক করে প্রবেশপত্র ডাউনলোড করতে হবে এবং প্রিন্ট করে নিজের সংগ্রহে রাখতে হবে। একাধিক ইউনিটে আবেদন করে থাকলে উপরোক্ত নিয়মে প্রতিটি ইউনিটের জন্য আলাদাভাবে **প্রবেশপত্র** সংগ্রহ করতে হবে।

**৬. সিটপ্ল্যান ও ফলাফলঃ**

পরীক্ষার তারিখ, সময়, ভবনের নাম, কক্ষ নম্বর ইত্যাদি তথ্যসহ সিটপ্ল্যান এবং ভর্তি পরীক্ষার ফল আবেদনকারীর মোবাইল নম্বরে **SMS**-এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে। এছাড়া এসব তথ্য **juniv-admission.org** থেকেও জানা যাবে।

**বিশেষ দ্রষ্টব্য :**

উল্লেখ্য যে, বিশ্ববিদ্যালয়ে আবেদনকারীর সাথে যোগাযোগের জন্য তার ভেরিফাইড মোবাইলে কেবল "**JUniv Admsn**" হতেই সকল প্রকার ভর্তি পরীক্ষা সংক্রান্ত SMS প্রদান করা হবে; সেইসাথে "**juniv_admission@juinv.edu**" ইমেইল এড্রেস থেকে ভর্তি সংশ্লিষ্ট ই-মেইল নোটিফিকেশন পাঠানো হবে।

**৭. ভর্তির জন্য নির্বাচন পদ্ধতি :**

ক. লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সঙ্গে নিম্নের (খ)-এ বর্ণিত প্রাপ্ত নম্বর যোগ করে মোট সর্বোচ্চ নম্বরের ভিত্তিতে সংশ্লিষ্ট ইউনিট/বিভাগের আসন সংখ্যার সর্বাধিক ১০ (দশ) গুণ শিক্ষার্থীর পৃথক তালিকা মেধা অনুযায়ী প্রণয়ন করা হবে। **C1 ইউনিটের অন্তর্ভুক্ত নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ এবং চারুকলা বিভাগের চূড়ান্ত মেধাক্রম ব্যবহারিক পরীক্ষার পরে প্রকাশ করা হবে।**

খ. গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ শিক্ষার্থীর মাধ্যমিক/সমমানের পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-কে ১.৫ দ্বারা এবং উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-কে ২.৫ দ্বারা গুণ করে ফল তৈরি করা হবে।

গ. মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার সঙ্গে সামঞ্জস্য রক্ষার্থে **O লেভেল** এবং **A লেভেল** শিক্ষার্থীদের ক্ষেত্রে **A** গ্রেডের জন্য **৫**, **B** গ্রেডের জন্য **৪**, **C** গ্রেডের জন্য **৩.৫** এবং **D** গ্রেডের জন্য **৩** পয়েন্ট গণ্য করা হবে। উল্লিখিত গ্রেডিং/পয়েন্ট ব্যতিত অন্য কোনো গ্রেড/পয়েন্ট থাকলে সেক্ষেত্রে সিএসই'র গ্রেডিং সমতা নির্ধারণী কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

ঘ. ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের সাক্ষাৎকারের সময়সূচি পরবর্তীসময়ে ওয়েবসাইট **juniv-admission.org** এবং পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

**৮.** পরীক্ষার হলে প্রবেশপত্র, মাধ্যমিক পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড এবং সাধারণ বলপেন ছাড়া কোনো প্রকার ক্যালকুলেটর, মোবাইল ফোন, ঘড়ি ও অন্য কোনো সহায়ক ডিভাইস নিয়ে প্রবেশ করা যাবে না। এসব ডিভাইস পাওয়া গেলে অথবা কোন শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে এবং যে কোন পর্যায়ে তা ধরা পড়লে ভর্তি পরীক্ষা বাতিলসহ বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়ম অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। এখানে উল্লেখ্য যে, সময় দেখার জন্য পরীক্ষার হলে ঘড়ির ব্যবস্থা থাকবে।

**৯.** বিভিন্ন কোটায় ভর্তির আবেদন ভর্তি পরীক্ষার পর উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্য থেকে গ্রহণ করা হবে। এ ব্যাপারে পরবর্তীসময়ে দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করা হবে।

**১০.** ভর্তি পরীক্ষা সংক্রান্ত যেকোনো বিষয় পরিবর্তনের অধিকার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

**১১. সহায়তায়:**

| | | |
|---|---|---|
| ক. আবেদন ও পেমেন্ট, ছবি ও স্বাক্ষর আপলোড এবং প্রবেশপত্র ও সিটপ্ল্যান সংক্রান্ত (**সকাল ১০:০০ টা থেকে সন্ধ্যা ০৭:০০ টা পর্যন্ত**) | : | 01324179774, 01324179775, 01324179776, 01324179777 |
| খ. সাধারণ জিজ্ঞাসা ও অন্যান্য (**২৪ ঘণ্টা খোলা থাকবে**) | : | 01324179774, 01324179775 |
| গ. ই-মেইল | : | juniv.admsn.help@juniv.edu |

স্বাক্ষরিত/-(মো. আবু হাসান)
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)
এবং
সচিব, কেন্দ্রীয় ভর্তি পরিচালনা কমিটি